14 APR 1992

তারিখ 18 APR 1992
পৃষ্ঠা… 7 কলাম …5…

দৈনিক বাংলা

১৩
৩৫

উন্মুক্ত ভার্সিটি স্থাপনের জন্য খসড়া আইন

# জাতীয় পরিবেশ নীতি অনুমোদিত

মন্ত্রিসভা জাতীয় পরিবেশনীতি এবং এ নীতি বাস্তবায়নের জরুরী পরিকল্পনা অনুমোদন করেছে।

বাসস জানায়, সোমবার বঙ্গভবনে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভানেত্রীত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত সাপ্তাহিক বৈঠকে এ নীতি অনুমোদিত হয়।

প্রতিবেশ ভারসাম্য রক্ষা ও উন্নয়ন, দেশকে প্রাকৃতিক বিপর্যয় থেকে রক্ষা, সকল প্রকার দূষণের প্রকৃতি চিহ্নিতকরণ ও নিয়ন্ত্রণ, পরিবেশের সঙ্গে সঙ্গতি রেখে প্রতিটি ক্ষেত্রে স্থায়ী উন্নয়ন নিশ্চিত করা, জাতীয় সম্পদের যুক্তিসঙ্গত ও দীর্ঘমেয়াদী ব্যবহার এবং পরিবেশ সম্পর্কে গৃহীত আন্তর্জাতিক ব্যবস্থা সম্পর্কে জাতিকে যতদূর সম্ভব সচেতন রাখার জন্যই এ নীতি অনুমোদন করা হয়েছে।

মন্ত্রিসভা দেশে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য প্রণীত আইনের খসড়াও নীতিগতভাবে অনুমোদন করেছে।

মন্ত্রিবর্গ ও বিভিন্ন দপ্তর ও অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রীরা এ বৈঠকে উপস্থিত ছিলেন।

মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্যসচিব এবং সংশ্লিষ্ট দপ্তরের সচিবরাও এ সময় উপস্থিত ছিলেন।